# বাংলাদেশ শিপিং কর্পোরেশন
## চট্টগ্রাম।

সূত্র নং- ১৮.১৬.০০০০.৩৫২.৬২.০৮২.১৫-৫২১ তারিখঃ ২৭-০৩-২০১৯খ্রিঃ

## নোটিশ

আগামী ৩১-০৩-২০১৯ খ্রিঃ তারিখ রবিবার সকাল ১১.৩০ ঘটিকায় Innovation in Public Service বিষয়ে চীফ ইনোভেশন অফিসার মহোদয়ের সভাপতিত্বে নিজ অফিস কক্ষে একটি সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় ইনোভেশন কমিটির সকল সম্মানিত সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছে।

২৭.০৩.১৯.

(মোঃ আমিনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক (অপারেশন) ও
ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা

বিতরণঃ

০১। নির্বাহী পরিচালক (অর্থ) ও সভাপতি, ইনোভেশন কমিটি, বিএসসি, চট্টগ্রাম।
০২। নির্বাহী পরিচালক (প্রযুক্তি) এবং মেন্টর, ইনোভেশন কমিটি, বিএসসি, চট্টগ্রাম।
০৩। মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং মেন্টর (ইনোভেশন প্রকল্প), বিএসসি, চট্টগ্রাম।
০৪। ইনোভেশন কমিটির সদস্য------------------------------------ বিএসসি, চট্টগ্রাম (সকল)।

অনুলিপিঃ

০১। মহাব্যবস্থাপক (প্রশাসন)/সচিব/মহাব্যবস্থাপক (চার্টারিং)/(অপারেরশন), বিএসসি, চট্টগ্রাম।
০২। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম – ব্যঃপঃ মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
০৩। অফিস কপি।

# বিষয়ঃ ইনোভেশন টিম "সংক্রান্ত সভার কার্যবিবরণী।"

| | | |
|---|---|---|
| চীফ ইনোভেশন অফিসার | : | জনাব মোঃ হাবিবুর রহমান নির্বাহী পরিচালক (অর্থ) |
| সভার তারিখ ও সময় | : | ৩১-০৩-২০১৯খ্রিঃ বেলাঃ ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | কনফারেন্স রুম |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

সভার প্রারম্ভে চীফ ইনোভেশন অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ও চীফ ইনোভেশন অফিসার সভার শুরুতে ইনোভেশন এর গুরুত্ব সর্ম্পকে আলোকপাত করেন।

০২। অতঃপর সভাপতি সদস্য-সচিবকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। আলোচনার শুরুতে সদস্য-সচিব গত ১৩-০২-২০১৯খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন ও সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সদস্য-সচিব সভায় জানান যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন মেরিন ওয়ার্কশপের শ্রমিক কর্মচারীদের উপস্থিতি ব্যবস্থাপনা অধিকাল ভাতা প্রদান সহজীকরণ প্রকল্পটি নিয়ে সাপ্লাইয়ারদের সাথে আলোচনা, পর্যালোচনা এ কাজে সংশ্লিষ্ট অফিসারদের নিয়ে অধিকতর যাচাই বাছাই করার পর দরপত্র আহবান এবং মূল্যায়ন শেষে, কার্যাদেশ প্রদান করা হয়। গত ১৯-০৩-২০১৯খ্রিঃ তারিখে মালামাল সরবরাহ এবং সম্পূর্ণ সিস্টেম ইন্সষ্টল করা হয়েছে। বর্তমানে প্রকল্পটির বাস্তবায়ন সমাপ্ত হয়েছে এবং যথযথভাবে চলমান আছে। এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগে জানিয়েছেন যে, খুব অল্প সময়ের মধ্যেই প্রকল্পটি বাস্তবায়িত হবে।

০৪। চীফ ইনোভেশন অফিসার জাহাজ মেরামত বিভাগ কর্তৃক গৃহীত প্রকল্পটির অগ্রগতি সভায় জানতে চান। সদস্য-সচিব সভায় অবহিত করেন যে, প্রকল্পটির কার্যাদেশ প্রদান করা হয়েছে। সাপ্লাইয়ারদের জাহাজ মেরামত বিভাগের সাথে সম্পৃক্ত থেকে সফটওয়ার ডিভলোপমেন্টের কাজ এগিয়ে নিয়ে যাচ্ছে। আশা করা যায় নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্পটি বাস্তবায়িত হবে।

০৫। ইনোভেশন সাব কমিটি প্রতিটি ইনোভেশন কাজের সাথে নিজেদের সম্পৃক্ত করে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন সহযোগীতা প্রদানের জন্য চীফ ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (অর্থ) নির্দেশনা প্রদান করেন।

০৬। এছাড়া ই-নথিতে অফিসিয়াল কার্যক্রমে বিএসসি নৌপরিবহন মন্ত্রণালয়ে পুনরায় প্রথম অবস্থান অর্জন করায় সভার মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি ইউনিকোড ব্যবহার করে সকল বিভাগীয় কার্যক্রম সম্পন্ন করার পরামর্শও প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় চীফ ইনোভেশন অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাবিবুর রহমান)
নির্বাহী পরিচালক (অর্থ)
ও
চীফ ইনোভেশন অফিসার

বিতরণঃ ইনোভেশন টিম, সাব টিম, মেন্টরবৃন্দ এবং "জাহাজ মালামাল সরবরাহের সেবা সহজীকরণ" প্রকল্পের সংশ্লিষ্ট সকল সদস্য।

অনুলিপিঃ
০১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। নিঃপঃ (অর্থ/বাণিজ্য/প্রযুক্তি), বিএসসি, চট্টগ্রাম।
০৩। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।